**প্রধানমন্ত্রী ফেলোশিপের আওতায় পিএইচডি ও মাস্টার্স কোর্সে আবেদনকারীদের জন্য সাধারণভাবে জিজ্ঞাসিত প্রশ্ন ও উত্তর (Frequently Asked Questions-FAQ)**

১. বিদেশে ইতোমধ্যে মাস্টার্স করে থাকলে প্রধানমন্ত্রী ফেলোশিপের অধীনে মাস্টার্স বা পিএইচডি এর জন্য আবেদন করতে পারবেন কি না?
উত্তরঃ বিদেশে ইতোমধ্যে মাস্টার্স করে থাকলে প্রধানমন্ত্রী ফেলোশিপের অধীনে মাস্টার্স এর জন্য বিবেচিত হবেননা, তবে পিএইচডি এর জন্য আবেদন করতে পারবেন।

২. আবেদন ও সংযুক্ত দলিলাদি গৃহীত হয়েছে কিনা তা কিভাবে জানা যাবে?
উত্তর: আবেদন ও সংযুক্ত দলিলাদি গৃহীত হয়েছে কিনা তা স্বয়ংক্রিয় ইমেইল নোটিফিকেশনের মাধ্যমে জানা যাবে।

৩. নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বলতে কি বুঝানো হয়েছে?
উত্তর: নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বলতে আবেদনকারীর দপ্তর প্রধানকে বুঝানো হয়েছে। যেমনঃ

ক) বিসিএস কর্মকর্তাগণের ক্ষেত্রে আবেদনকারী মন্ত্রণালয়/বিভাগে কর্মরত হলে তাঁর দপ্তর প্রধান হবেন উক্ত মন্ত্রণালয়/বিভাগের সচিব, অধিদপ্তরের ক্ষেত্রে সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান। আবেদনকারী মাঠ পর্যায়ে(জেলা/বিভাগ)কর্মরত হলে তাঁর দপ্তর প্রধান হবেন সংশ্লিষ্ট জেলা/ বিভাগীয় প্রধান। আবেদনকারী নিজেই জেলা/বিভাগীয় প্রধান হলে তাঁর দপ্তর প্রধান হবেন নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয় এর সচিব।

খ) নন বিসিএস সরকারি (বিসিএস ব্যতীত অন্যান্য) কর্মকর্তাগণের ক্ষেত্রে আবেদনকারীর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হবেন তাদের অফিস/ দপ্তর প্রধান। সকল সরকারি বিশ্ববিদ্যালয় এর ক্ষেত্রে দপ্তর প্রধান হবেন সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার। স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হবেন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান। বাংলাদেশ ব্যাংক এর ক্ষেত্রে মানব সম্পদ বিভাগ এর মহাব্যবস্থাপক কর্তৃক স্বাক্ষরিত অফিস আদেশ সংযুক্ত থাকলে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করা হয়েছে মর্মে গণ্য হবে।

৪. নির্বাচন প্রক্রিয়ার ধাপসমূহ কি কি ?
উত্তর: নির্বাচন প্রক্রিয়ার ধাপসমূহ নিম্নরূপঃ

ক) আবেদন এবং সংযুক্ত দলিলাদি যাচাই বাছাইকরণ এবং প্রাথমিকভাবে নির্বাচিতদের তালিকা প্রকাশকরণ (প্রাথমিক নির্বাচনের বিস্তারিত মানদণ্ড, অনুচ্ছেদ ১০);

খ) প্রাথমিকভাবে নির্বাচিতদের মৌখিক পরীক্ষার তারিখ নির্ধারণ এবং তদনুযায়ী বিশ্লেষণী দক্ষতা ও মৌখিক পরীক্ষা গ্রহণ (মৌখিক পরীক্ষার বিস্তারিত মানদণ্ড, অনুচ্ছেদ ১১);

গ) চূড়ান্তভাবে নির্বাচিতদের তালিকা প্রকাশকরণ।

৫. প্রধানমন্ত্রী ফেলোশিপের জন্য একাধিকবার আবেদন করা যাবে কিনা?
উত্তর: প্রধানমন্ত্রী ফেলোশিপের জন্য একাধিকবার আবেদন করা যাবে ।

৬. প্রধানমন্ত্রী ফেলোশিপে বিসিএস, নন বিসিএস সরকারি (বিসিএস ব্যতীত অন্যান্য) ও বেসরকারি আবেদনকারীদের নিকট হতে আবেদন আহবান করা হয়েছে। এই তিন গ্রুপের আবেদনকারীদের মাঝে চূড়ান্ত প্রার্থী নির্বাচনের আনুপাতিক হার কি হবে?
উত্তর: বিসিএস কর্মকর্তাগণ ৭০%, বিসিএস ব্যতীত অন্যান্য সরকারি কর্মকর্তাগণ ২০% এবং বেসরকারি আবেদনকারীগণ ১০% হারে নির্বাচিত হবেন। তবে কোন গ্রুপে নির্ধারিত উপযুক্ত সংখ্যক আবেদন পাওয়া না গেলে পরবর্তী বিজ্ঞপ্তিতে তা সমন্বয় করা হবে। উল্লেখ্য যে, বিসিএস কর্মকর্তা ব্যতীত অন্যান্য সকল সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তিবর্গ 'নন বিসিএস সরকারি (বিসিএস ব্যতীত অন্যান্য)' ক্যাটাগরিতে বিবেচিত হবেন। যেমন: সকল সরকারি বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান ইত্যাদি।

৭. অফার লেটার প্রাপ্ত বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে TOEFL iBT/ IELTS Academic/ PTE Academic স্কোর আবশ্যক না হলে TOEFL iBT/ IELTS Academic/ PTE Academic এর শর্ত শিথিলযোগ্য কি না?
উত্তর: না। অফার লেটার প্রাপ্ত বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে TOEFL iBT/ IELTS Academic/ PTE Academic স্কোর আবশ্যক না হলেও TOEFL iBT/ IELTS Academic/ PTE Academic এর শর্ত শিথিলযোগ্য নয়। উল্লেখ্য যে, TOEFL iBT/ IELTS Academic/ PTE Academic স্কোর প্রধানমন্ত্রী ফেলোশিপের জন্য প্রাথমিক প্রার্থী বাছাইয়ের অন্যতম একটি মানদন্ড।

৮. অফার লেটারে অধ্যয়ন ব্যয় সম্পর্কিত শর্ত উল্লেখ থাকলে তা গ্রহণযোগ্য কি না?

উত্তর: অধ্যয়ন ব্যয় সম্পর্কিত শর্তযুক্ত অফার লেটার গ্রহণযোগ্য। অফার লেটারে শুধুমাত্র অধ্যয়ন ব্যয় সম্পর্কিত শর্ত থাকলে তা Unconditional Offer লেটার হিসেবে গন্য করা হবে।

৯. প্রধানমন্ত্রী ফেলোশিপের আর্থিক সুবিধাগুলো কি কি?

উত্তর: প্রধানমন্ত্রী ফেলোশিপের আর্থিক সুবিধাসমূহ নিম্নরূপঃ

i. পূর্ণ টিউশন ফি
ii. প্রাথমিক সংস্থাপন ব্যয়
iii. জীবনধারণ ভাতা
iv. অন্যান্য ভাতা

প্রধানমন্ত্রী ফেলোশিপের আর্থিক সুবিধাসমূহ নিম্নে বিস্তারিত দেখানো হলো-

সংস্থাপন ব্যয়ঃ(সম্পূর্ণ শিক্ষা সময়কালে একবার মাত্র প্রদেয়)

| দেশ ভিত্তিক গ্রুপ | গ্রুপভূক্ত দেশের নাম | সংস্থাপন ব্যয় | |
|---|---|---|---|
| | | পিএইচডি | মাস্টার্স |
| গ্রুপ– ১ | জাপান, সিঙ্গাপুর, দক্ষিণ কোরিয়া, চীন, হংকং, কাতার, সংযুক্ত আরব আমিরাত, সৌদি আরব, কুয়েত, অস্ট্রেলিয়া, কানাডা, মার্কিন যুক্তরাষ্ট্র, ব্রাজিল, মেক্সিকো, রাশিয়ান ফেডারেশন, যুক্তরাজ্য, সুইজারল্যান্ড, ফ্রান্স, বেলজিয়াম, ইতালি, সুইডেন, জার্মানি, গ্রীস, নেদারল্যান্ডস, পর্তুগাল, স্পেন, তুরস্ক এবং ইউরোপ, ওশেনিয়া, উত্তর ও দক্ষিণ আমেরিকান দেশসমূহ | ৫০০০ ইউএসডি | ২৫০০ ইউএসডি |
| গ্রুপ - ২ | জর্ডান, ফিলিপাইন, থাইল্যান্ড, ইন্দোনেশিয়া, ওমান, ভারত, মালয়শিয়া, মরিশাস, দক্ষিণ আফ্রিকা, মিশর, মধ্যপ্রাচ্য। | ৪৫০০ ইউএসডি | ২৩০০ ইউএসডি |
| গ্রুপ- ৩ | এশিয়া মহাদেশের অন্যান্য দেশ | ৪০০০ ইউএসডি | ২০০০ ইউএসডি |

প্রদেয় মাসিক ভাতা (Monthly Living Allowance) ছক

| দেশ ভিত্তিক গ্রুপ | গ্রুপভূক্ত দেশের নাম | মাসিক ভাতা | |
|---|---|---|---|
| | | পিএইচডি | মাস্টার্স |
| গ্রুপ– ১ | জাপান, সিঙ্গাপুর, দক্ষিণ কোরিয়া, চীন, হংকং, কাতার, সংযুক্ত আরব আমিরাত, সৌদি আরব, কুয়েত, অস্ট্রেলিয়া, কানাডা, মার্কিন যুক্তরাষ্ট্র, ব্রাজিল, মেক্সিকো, রাশিয়ান ফেডারেশন, যুক্তরাজ্য, সুইজারল্যান্ড, ফ্রান্স, বেলজিয়াম, ইতালি, সুইডেন, জার্মানি, গ্রীস, নেদারল্যান্ডস, পর্তুগাল, স্পেন, তুরস্ক এবং ইউরোপ, ওশেনিয়া, উত্তর ও দক্ষিণ আমেরিকান দেশসমূহ | ২৩০০ ইউএসডি | ১৮০০ ইউএসডি |
| গ্রুপ - ২ | জর্ডান, ফিলিপাইন, থাইল্যান্ড, ইন্দোনেশিয়া, ওমান, ভারত, মালয়শিয়া, মরিশাস, দক্ষিণ আফ্রিকা, মিশর, মধ্যপ্রাচ্য। | ২০০০ ইউএসডি | ১৬০০ ইউএসডি |
| গ্রুপ- ৩ | এশিয়া মহাদেশের অন্যান্য দেশ | ১৮০০ ইউএসডি | ১৩০০ ইউএসডি |

প্রদেয় অন্যান্য ভাতা (Other Allowances) ছক :

| অন্যান্য ভাতা | পিএইচডি | মাস্টার্স |
|---|---|---|
| শিক্ষা উপকরণ ক্রয় নিমিত্তে প্রদেয় ভাতা (সম্পূর্ণ শিক্ষা সময়কালে এক বার মাত্র প্রদেয়) | সর্বোচ্চ ২০০০ ইউএসডি | সর্বোচ্চ ১০০০ ইউএসডি |
| স্বাস্থ্য বীমা ব্যয় (প্রতিবছর প্রদান করা হবে) | সর্বোচ্চ ২০০০ ইউএসডি | সর্বোচ্চ ২০০০ ইউএসডি |
| ভ্রমণব্যয় (সম্পূর্ণ শিক্ষা সময়কালে দুই বারে প্রদেয়) | সর্বোচ্চ ৫০০০ ইউএসডি | সর্বোচ্চ ৩০০০ ইউএসডি |
| আন্তর্জাতিক সেমিনারে অংশগ্রহণ ব্যয় (সম্পূর্ণ শিক্ষা সময়কালে প্রকৃত ব্যয়ের প্রমাণক প্রাপ্তি সাপেক্ষে প্রদেয়) | সর্বোচ্চ ৩০০০ ইউএসডি | সর্বোচ্চ ১০০০ ইউএসডি |

১০. প্রধানমন্ত্রী ফেলোশিপের আর্থিক সুবিধাদি কিভাবে নির্ধারণ করা হয়?

উত্তরঃ প্রধানমন্ত্রী ফেলোশিপের আর্থিক সুবিধাদি নির্ধারণে নিম্নবর্ণিত প্রক্রিয়া অনুসরণ করা হয়-

প্রধানমন্ত্রী ফেলোশিপ এর আর্থিক সুবিধা নির্ধারণের ক্ষেত্রে প্রথমে বিশ্ববিদ্যালয়ের টিউশন ফি বিবেচ্য। টিউশন ফি প্রদান এর পরে আর্থিক উর্ধ্বসীমা বিবেচনায় জীবনধারণ ভাতা সহ অন্যান্য ভাতা প্রদান করা হবে। এক্ষেত্রে অধ্যয়ন পর্যায়ের সর্বোচ্চ ব্যয়ের ভিত্তিতে এ সমন্বয় করা হবে। মাস্টার্স কোর্সের ক্ষেত্রে সর্বোচ্চ ব্যয় ৬০ লক্ষ এবং পিএইচডি এর ক্ষেত্রে ২ কোটি টাকা । তবে, বিশ্ববিদ্যালয় এর অবস্থান সর্বশেষ প্রকাশিত The Times Higher Education World University Rankings অনুযায়ী ১ থেকে ৩০ এর মধ্যে হলে উর্ধ্বসীমার সর্বোচ্চ ১০% অর্থ অতিরিক্ত মঞ্জুর করা যেতে পারে। অর্থাৎ এক্ষেত্রে মাস্টার্স কোর্সের উর্ধ্বসীমা ৬৬ (ছেষট্টি) লক্ষ টাকা এবং পিএইচডি এর উর্ধ্বসীমা ২২০ লক্ষ (দুই কোটি বিশ লক্ষ) টাকা হতে পারে। নিম্নে এই বিষয়টি স্পষ্টীকরণে তিনটি উদাহরণ দেওয়া হল।

উদাহরণ কঃ জনাব আলী University College London (UCL) এ ১ বছর মেয়াদী মাস্টার্স কোর্স অধ্যয়নের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত হয়েছেন। তাঁর বাৎসরিক টিউশন ফি 15000 GBP। এক্ষেত্রে তাঁর প্রাপ্য আর্থিক সুবিধাদি নিম্নরূপঃ

টিউশন ফি 15000 GBP x 115.00 = 1725000 টাকা (1 GBP= 115.00 টাকা হিসেবে )

জীবনধারণ ভাতা: মাসিক 1800 USD x 85.00 = 153000 টাকা x 12= 1836000 টাকা (1USD= 85.00 টাকা হিসেবে )

প্রদেয় অন্যান্য ভাতা = সর্বোচ্চ 807500 টাকা

- এক্ষেত্রে তাঁর ফেলোশিপের মোট ব্যয় ৬০ (ষাট) লক্ষ টাকার নিম্নে বিধায় তিনি সম্পূর্ণ মাসিক ভাতা প্রাপ্য হবেন

উদাহরণ খঃ জনাব আলী University College London (UCL) এ ২ বছর মেয়াদী মাস্টার্স কোর্স অধ্যয়নের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত হয়েছেন। তাঁর বাৎসরিক টিউশন ফি 15000 GBP। এক্ষেত্রে তাঁর প্রাপ্য আর্থিক সুবিধাদি নিম্নরূপঃ

টিউশন ফি 15000 GBP x 2 x 115.00 = 3450000 টাকা (1 GBP= 115.00 টাকা হিসেবে )

প্রদেয় অন্যান্য ভাতা = সর্বোচ্চ 977500 টাকা

জীবনধারণ ভাতা = 6600000- (3450000+977500)= 2172500/24= মাসিক 90520.83 টাকা বা (1USD= 85.00 টাকা হিসেবে) USD 1064.95

* University College London (UCL) এর অবস্থান সর্বশেষ প্রকাশিত The Times Higher Education World University Rankings ২০২১ অনুযায়ী ১ থেকে ৩০ এর মধ্যে (এক্ষেত্রে ১৬তম) বিধায় জনাব আলী এর অনুকূলে উর্ধ্বসীমার সর্বোচ্চ ১০% অর্থ অতিরিক্ত মঞ্জুর করা যাবে। অর্থাৎ এক্ষেত্রে মাস্টার্স কোর্সের উর্ধ্বসীমা ৬৬ (ছেষট্টি) লক্ষ টাকা হবে। তথাপিও, তাঁর ফেলোশিপের মোট ব্যয় ৬৬ (ছেষট্টি) লক্ষ টাকার উর্দ্ধে বিধায় তিনি নির্ধারিত মাসিক ভাতার চাইতে কম প্রাপ্য হবেন।

উদাহরণ গঃ জনাব আলী University of Birmingham এ 2 বছর মেয়াদী মাস্টার্স কোর্স অধ্যয়নের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত হয়েছেন। তাঁর বাৎসরিক টিউশন ফি 15000 GBP। এক্ষেত্রে তাঁর প্রাপ্য আর্থিক সুবিধাদি নিম্নরূপঃ

টিউশন ফি 15000 GBP x 2 x 115.00 = 3450000 টাকা (1GBP= 115.00 টাকা হিসেবে )

প্রদেয় অন্যান্য ভাতা = সর্বোচ্চ 977500 টাকা

জীবনধারণ ভাতা = 6000000- (3450000+977500)= 1572500/24= মাসিক 65520.83 টাকা বা (1USD= 85.00 টাকা হিসেবে ) USD 770.83

* University of Birmingham এর অবস্থান সর্বশেষ প্রকাশিত The Times Higher Education World University Rankings ২০২১ অনুযায়ী ১০৭তম বিধায় জনাব আলী এর মাস্টার্স কোর্সের উর্দ্ধসীমা ৬০ (ষাট) লক্ষ টাকা হবে। তাঁর ফেলোশিপের মোট ব্যয় ৬০ (ষাট) লক্ষ টাকার উর্দ্ধে বিধায় তিনি নির্ধারিত মাসিক ভাতার চাইতে কম প্রাপ্য হবেন।

১১. প্রধানমন্ত্রী ফেলোশিপের আর্থিক সুবিধা প্রাপ্তির প্রক্রিয়া কি?

উত্তরঃ ফেলো বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন শুরু করার পর তাঁর বিশ্ববিদ্যালয় হতে টিউশন ফি'র ইনভয়েস/ চালান প্রাপ্তি সাপেক্ষে প্রতি বছর/ সেমিস্টারের টিউশন ফি বিশ্ববিদ্যালয়ের ব্যাংক হিসাবে প্রদান করা হবে। তবে, কোন ফেলো কর্তৃক ইতোমধ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে প্রদত্ত টিউশন ফি এর প্রমাণপত্র দাখিল করা হলে, তা সরাসরি আবেদনকারীর ব্যাংক হিসাবে প্রদান করা হবে।
সাধারণ ক্ষেত্রে যাত্রার প্রাক্কালে (ভিসা প্রাপ্তির প্রমাণপত্র এবং বিসিএস, সরকারি(বিসিএস ব্যতীত অন্যান্য)ক্যাটেগরির হলে তাঁর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হতে বিদেশে অধ্যয়নের অনুমতিপত্র জমা প্রদান স্বাপেক্ষে) প্রাথমিক সংস্থাপন ব্যয়, শিক্ষা উপকরণ ক্রয়ের জন্য প্রদেয় ভাতা, প্রথম বছরের স্বাস্থ্য বীমা ভাতা এবং অর্ধেক ভ্রমণব্যয় প্রদান করা হবে (বাকি ভ্রমণ ব্যয় কোর্স সমাপনান্তে দেশে ফেরার পর প্রদান করা হবে), নির্বাচিত ফেলো গন্তব্য দেশে পৌঁছে ব্যক্তিগত ব্যাংক হিসাবের তথ্যাদি প্রকল্প অফিসে প্রেরণের পর ১ম বছরের জীবনধারণ ভাতা প্রেরণ করা হবে। পরবর্তীতে প্রতি বছর পুনরায় সম্পূর্ণ বছরের মাসিক জীবনধারণ ভাতা প্রদান করা হবে।

১২. প্রধানমন্ত্রী ফেলোশিপের জন্য প্রাথমিক প্রার্থী নির্বাচনের মানদন্ডসমূহ কি কি?
উত্তর:

| **প্রাথমিক নির্বাচনে বিবেচ্য বিষয়সমূহ (পিএইচডি ও মাস্টার্স উভয় কোর্সের জন্য প্রযোজ্য)** | মানবন্টন | | | |
|---|---|---|---|---|
| | পিএইচডি | | মাস্টার্স | |
| সর্বশেষ প্রকাশিত The Times Higher Education World University overall Rankings অনুসারে মাস্টার্স এর জন্য ১ থেকে ২০০ এবং পিএইচডি এর জন্য ১ থেকে ১০০ এর মধ্যে অফার প্রাপ্ত বিশ্ববিদ্যালয়ের Ranking (৩০%) | Rank 1-25 | 30.00 | Rank 1-25 | 30.00 |
| | Rank 26-50 | 29.00 | Rank 26-50 | 29.00 |
| | Rank 51-75 | 28.00 | Rank 51-75 | 28.00 |
| | Rank 76-100 | 27.00 | Rank 76-100 | 27.00 |
| | | | Rank 101-125 | 26.00 |
| | | | Rank 126-150 | 25.00 |
| | | | Rank 151-175 | 24.00 |
| | | | Rank 176-200 | 23.00 |
| বিগত পরীক্ষা সমূহের ফলাফল (২০%) | **SSC & HSC** | | | |
| | পিএইচডি | | মাস্টার্স | |
| | SSC & HSC (সনাতন পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে) | | SSC & HSC (সনাতন পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে) | |
| | 1st Div | 4.00 | 1st Div | 6.00 |
| | 2nd Div | 3.00 | 2nd Div | 5.00 |
| | 3rd Div | 0.00 | 3rd Div | 0.00 |
| | SSC & HSC (প্রচলিত পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে) | | SSC & HSC (প্রচলিত পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে) | |

| | | | | |
|---|---|---|---|---|
| | CGPA 4.00-5.00 (for scale 5)/ CGPA 3.5- 4.00 (for scale 4) | 4.00 | CGPA 4.00-5.00 (for scale 5)/ CGPA 3.5- 4.00 (for scale 4) | 6.00 |
| | CGPA 3.00- 3.99 (for scale 5)/ CGPA 2.5-3.49 (for scale 4) | 3.00 | CGPA 3.00- 3.99 (for scale 5)/ CGPA 2.5-3.49 (for scale 4) | 5.00 |
| | CGPA < 3.00 (for scale 5)/ CGPA < 2.5 (for scale 4) | 0.00 | CGPA < 3.00 (for scale 5)/ CGPA < 2.5 (for scale 4) | 0.00 |
| | **Bachelor & Masters** | | | |
| | পিএইচডি | | মাস্টার্স | |
| | 1st Div/ CGPA 4.00-5.00(for scale 5)/ CGPA 3.00-4.00(for scale 4) | 6.00 | 1st Div/ CGPA 4.00-5.00(for scale 5)/ CGPA 3.00-4.00(for scale 4) | 8.00 |
| | 2nd Div/ CGPA 3.00-3.99(for scale 5)/ CGPA 2.5-02.99(for scale 4) | 5.00 | 2nd Div/ CGPA 3.00-3.99(for scale 5)/ CGPA 2.5-02.99(for scale 4) | 7.00 |
| | 3rd Div/ CGPA< 3.00 (for scale 5)/ CGPA < 2.5(for scale 4) | 0.00 | 3rd Div/ CGPA< 3.00 (for scale 5)/ CGPA < 2.5(for scale 4) | 0.00 |
| Statement of Purpose (৩০%) | Applicant's suitability for the scholarship | | | 4 |
| | Establishment of relationship between applicant's professional expereince and proposed study | | | 4 |
| | Explanation of the future prospects of utlilizing the acquired knowledge throuhg this study program | | | 10 |
| | Linkage **of proposed** research/study with SDG implementation | | | 12 |
| | Total | | | **30** |
| TOEFL iBT/IELTS (Academic)/ PTE Academic পরীক্ষার ফলাফল (২০%) | **IELTS** | | | |
| | পিএইচডি | | মাস্টার্স | |
| | Overall Band Score >= 8.00 | 20.00 | Overall Band Score >= 8.00 | 20.00 |
| | Overall Band Score | 19.00 | Overall Band Score | 19.00 |

| | | | | |
|---|---|---|---|---|
| | 7.5 | | 7.5 | |
| | Overall Band Score 7.00 | 18.00 | Overall Band Score 7.00 | 18.00 |
| | Overall Band Score 6.5 | 17.00 | Overall Band Score 6.5 | 17.00 |
| | **TOEFL iBT** | | | |
| | Score >=110 | 20.00 | Score >=110 | 20.00 |
| | Score 102-109 | 19.00 | Score 100-109 | 19.00 |
| | Score 94-101 | 18.00 | Score 90-99 | 18.00 |
| | Score 88-93 | 17.00 | Score 80-89 | 17.00 |
| | PTE Academic | | | |
| | Score >=79 | 20.00 | Score >=79 | 20.00 |
| | Score 73-78 | 19.00 | Score 73-78 | 19.00 |
| | Score 65-72 | 18.00 | Score 65-72 | 18.00 |
| | Score 59-64 | 17.00 | Score 59-64 | 17.00 |

১৩. প্রধানমন্ত্রী ফেলোশিপের জন্য চূড়ান্ত প্রার্থী নির্বাচনের মানদন্ডসমূহ কি কি?

উত্তরঃ

| **চূড়ান্ত নির্বাচনে বিবেচ্য বিষয়সমূহ (পিএইচডি ও মাস্টার্স উভয় কোর্সের জন্য প্রযোজ্য)** | মানবন্টন | | | |
|---|---|---|---|---|
| মৌখিক পরীক্ষা (৫০%) | বিশ্লেষণী দক্ষতা ১০%, উপস্থাপনার বিষয়বস্তু ১০%, উপস্থাপনার দক্ষতা ১০%, এসডিজি’র সাথে সম্পৃক্ততা ১০%, এসডিজি বাস্তবায়নে অবদানের সম্ভাবনা ১০% | | | |
| প্রার্থীর কর্মের (service) সঙ্গে এসডিজি অর্জনে সরকারি নীতি প্রণয়ন এবং বাস্তবায়নে সম্পৃক্ততা (২০%) | নীতি প্রণয়ন 10% এবং বাস্তবায়ন 10% | | | |
| চাকুরিকাল (১০%) | চাকুরিকাল ১০ বছর বা তাঁর অধিক | ১০.০০ | | |
| | চাকুরিকাল ৫ বছরের অধিক কিন্তু ১০ বছরের নিম্নে | ৮.০০ | | |
| | চাকুরিকাল ৫ বছর বা তাঁর নিম্নে | ৬.০০ | | |
| সর্বশেষ প্রকাশিত The Times Higher Education World University overall Rankings অনুসারে মাস্টার্স এর জন্য ১ থেকে ২০০ এবং পিএইচডি এর জন্য ১ থেকে ১০০ এর মধ্যে অফার প্রাপ্ত বিশ্ববিদ্যালয়ের Ranking (২০%) | **মাস্টার্স** | | **পিএইচডি** | |
| | Rank 1-50 | 20.00 | Rank 1-50 | 20.00 |
| | Rank 51-100 | 19.00 | Rank 51-100 | 19.00 |
| | Rank 101-150 | 18.00 | | |
| | Rank 151- 200 | 17.00 | | |

১৪. কোন বিশেষ কারণে ভর্তির সেশন পরিবর্তনের প্রয়োজন হলে কি করণীয়?

উত্তর: চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণকে আবশ্যিকভাবে নির্ধারিত বিশ্ববিদ্যালয় ও নির্ধারিত সেশনে অংশগ্রহণ করতে হবে। প্রার্থীর ব্যক্তিগত কোন কারণে নির্ধারিত কোর্সে অংশগ্রহণে ব্যর্থ হলে নির্বাচিত প্রার্থীর মনোনয়ন সরাসরি বাতিল বলে গণ্য হবে। তবে ব্যক্তিগত কারণ ব্যতীত অন্য কোন বিশেষ কারণে ভর্তির সেশন পরিবর্তনের প্রয়োজন হলে প্রার্থীকে প্রকল্প কর্তৃপক্ষ (প্রকল্প পরিচালক) বরাবর সুস্পষ্ট কারণ উল্লেখ করে আবেদন করতে হবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫. ফেলোশিপ প্রাপ্তির পর বিশ্ববিদ্যালয় পরিবর্তনের কোন সুযোগ আছে কি না?

উত্তর: ফেলোশিপ প্রাপ্তির পর বিশ্ববিদ্যালয় পরিবর্তনের কোন সুযোগ নেই।

১৬. ফেলোশিপ প্রাপ্তির পর বিষয় পরিবর্তনের কোন সুযোগ আছে কি না?

উত্তরঃ ফেলোশিপ প্রাপ্তির পর বিষয় পরিবর্তনের কোন সুযোগ নেই।

১৭. কাঙ্খিত অধ্যয়নে বর্ধিত সময় প্রয়োজন হলে মনোনীত ফেলোশিপের সময় বৃদ্ধি করা হবে কি না?

উত্তর: ফেলোশিপের সময় বৃদ্ধি বা পরিবর্তনের কোন সুযোগ নেই।

১৮. ফেলোশিপের জন্য নির্বাচিত প্রার্থীকে কতদিনের মধ্যে বন্ড প্রদান করতে হবে?

উত্তর: নির্বাচিত প্রার্থীকে ফেলোশিপ কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় সময়সীমার মধ্যে বন্ড প্রদান করতে হবে।

১৯. Statement of Purpose এর কোন নমুনা বা গাইড লাইন আছে কি?

উত্তর: ইংরেজিতে অনধিক ১০০০ (এক হাজার) শব্দে Statement of Purpose দাখিল করতে হবে এবং উক্ত Statement of Purpose এর কোন অংশেই আবেদনকারীর নাম ব্যবহার করা যাবে না, তবে বর্তমান ও পূর্ববর্তী পদবি, কর্মস্থল ব্যবহার করা যাবে। Statement of Purpose এর গাইড লাইন নিম্নরূপঃ

| **Criteria** | **Score** |
|---|---|
| Applicant's suitability for the scholarship | 4 |
| Establishment of relationship between applicant's professional expereince and proposed study | 4 |
| Explanation of the future prospects of utlilizing the acquired knowledge throuhg this study program | 10 |
| Linkage of proposed research/study with SDG implementation | 12 |
| Total | **30** |

২০. প্রধানমন্ত্রী ফেলোশিপের টিউশন ফি ও অন্যান্য ভাতা কোন মুদ্রায় প্রদান করা হবে?

উত্তর: প্রার্থী যে দেশের বিশ্ববিদ্যালয়ে পড়তে যাবেন সে দেশের মুদ্রায় প্রাপ্যতা অনুযায়ী ৯ নং FAQ এ উল্লিখিত ইউ এস ডলারের সমপরিমাণ অর্থ বিনিময় (convert) হবে।

১৯. আবেদনকারীর বয়স বিজ্ঞপ্তিতে উল্লেখকৃত 'আবেদনকারীর সর্বোচ্চ বয়সসীমা'র মধ্যে রয়েছে কিনা তা নির্ধারণের জন্য কোন তারিখে আবেদনকারীর বয়স বিবেচনা করা হবে?

উত্তর: আবেদনকারীর বয়স বিজ্ঞপ্তিতে উল্লেখকৃত 'আবেদনকারীর সর্বোচ্চ বয়সসীমা'র মধ্যে রয়েছে কিনা তা নির্ধারণের জন্য অনলাইনে আবেদনপত্র জমা দেয়ার সর্বশেষ তারিখে আবেদনকারীর বয়স বিবেচনা করা হবে।